

নং-২৯.২১৪.০০.০০.০১৭.৮৫.২০০০(অংশ-১)/১৩৩

তারিখ : ০১/৭/২০১৪ খ্রি:

বিষয়ঃ তিন পার্বত্য জেলায় ভূমি বন্দোবস্ত প্রদানের ক্ষেত্রে আরোপিত স্থগিতাদেশ শিথিলকরণ প্রসংগে।

- সূত্রঃ (১) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ২৩/১০/২০০১ তারিখের পাচবিম(প-১)-পাঃজেঃ/বিবিধ/৮৫/২০০০-২৮০ নং স্মারক  
(২) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ০৯/১০/২০০৪ তারিখের পাচবিম(প-১)-পাঃজেঃ/বিবিধ/৮৫/২০০০-১৭৫ নং স্মারক  
(৩) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ১৯/৬/২০১৪ তারিখের ২৯.২১৪.০০.০০.০১৭.৮৫.২০০০(অংশ-১)/১২৭ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বর্তমানে তিন পার্বত্য জেলায় ভূমি বন্দোবস্ত প্রদানের কার্যক্রমে আরোপিত স্থগিতাদেশ নিম্নলিখিত ক্ষেত্রসমূহে Case to Case ভিত্তিতে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় বিচার-বিশেষণ করে শিথিল করতে পারে ৪

- (ক) (১) শিক্ষা প্রতিষ্ঠান;  
(২) ধর্মীয় প্রতিষ্ঠান, যথা মসজিদ, মন্দির, গীর্জা ইত্যাদি;  
(৩) শাশান, কবরস্থান ইত্যাদি;  
(৪) বাণিজ্যিক কারণে বাজারফান্নের জমি কেবলমাত্র স্বল্প মেয়াদী ইজারা প্রদানের ক্ষেত্রে;  
(৫) সরকারের কোন দণ্ডের জরুরী প্রয়োজনে,
- (খ) বাজারফান্নের জমি স্থায়ী বন্দোবস্ত প্রদানের ক্ষেত্রে আরোপিত স্থগিতাদেশ শিথিলের লক্ষ্যে প্রেরিত প্রতিটি প্রস্তাব The Chittagong Hill Tracts Regulation, ১৯০০ এর জমি বন্দোবস্ত সংক্রান্ত ৩৪ নং ধারা ও তিন পার্বত্য জেলা পরিষদ আইনের ৬৪ নং ধারার বিধান এবং বিশেষ কার্যাদি (কল্যাণ) বিভাগের ২২-১২-১৯৯০ ইং তারিখের বিকান্দ্যান-২(৯)৯০(প্র:)/৩২১ নং স্মারকের বর্ণিত নির্দেশাবলী সকল আনুষ্ঠানিকতা পালন পূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

২। গত ১০-৬-২০১৪ তারিখে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী উপরে বর্ণিত ক্ষেত্রসমূহের সাথে নিম্নলিখিত গুটি ক্ষেত্রেও ভূমি বন্দোবস্ত প্রদানের কার্যক্রমে আরোপিত স্থগিতাদেশ Case to Case ভিত্তিতে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় বিচার-বিশেষণ করে শিথিল করতে পারবে:

- (১) মুক্তিযোদ্ধা কমপ্লেক্স নির্মাণ(ন্যূনতম ৫ শতাংশ), প্রতি উপজেলা সদরে একটি),  
(২) স্থানীয় পর্যটন(জেলা পরিষদের ব্যবস্থাপনায় মাস্টার প্লানের ভিত্তিতে),  
(৩) জেলা ও উপজেলা পর্যায়ে স্কাউটস ভবন নির্মাণ (ন্যূনতম ৫ শতাংশ)।

৩। পার্বত্য জেলাসমূহে জমি বন্দোবস্ত প্রদানের ক্ষেত্রে আরোপিত স্থগিতাদেশ শিথিলের সকল প্রস্তাবের ক্ষেত্রে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

২৪৪৪৮/১৭/১৪  
(ফারহানা হায়াত)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫৬৯৮।

Email: sasparisad1@mochta.gov.bd

#### কার্যাবর্থে বিতরণঃ

১। চেয়ারম্যান

রাঙামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

২। জেলা প্রশাসক, রাঙামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।

#### অনুলিপি(জে) ঠিকাত ভিত্তিতে নয়ঃ

১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙামাটি।

৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।